# ধনীর তালিকায় শীর্ষে মাস্ক, সম্পদ ছাড়ালো ৫০০ বিলিয়ন ডলার



সংগৃহীত ছবি

টেসলা ও স্পেসএক্সের শেয়ারমূল্যের উল্লম্ফনের ফলে ইলন মাস্ক বিশ্বের প্রথম ব্যক্তি হিসেবে ৫০০ বিলিয়ন ডলারের বেশি সম্পদের মালিক হয়েছেন। ফোর্বসের ধনী তালিকায় তার পরেই রয়েছেন ল্যারি এলিসন ও মার্ক জাকারবার্গ।

ইতিহাস সৃষ্টি করলেন ইলন মাস্ক। ফোর্বস বিলিয়নিয়ার ইনডেক্সের সর্বশেষ তথ্যে দেখা গেছে, তার সম্পদের পরিমাণ দাঁড়িয়েছে ৫১০ দশমিক ১ বিলিয়ন ডলারে। এর মধ্য দিয়ে তিনি বিশ্বের প্রথম ব্যক্তি হিসেবে অর্ধ ট্রিলিয়ন ডলারের মালিক হলেন।

টেসলার শেয়ার চলতি বছর প্রায় ২০ শতাংশ বেড়েছে, যা মাস্কের সম্পদ বৃদ্ধিতে সবচেয়ে বড় অবদান রেখেছে। পাশাপাশি স্পেসএক্স ও কৃত্রিম বুদ্ধিমত্তা প্রতিষ্ঠান এক্সএআই-এর বাজারমূল্যও এই মাইলফলক অর্জনে সহায়তা করেছে।

বর্তমানে ধনীর তালিকায় দ্বিতীয় স্থানে আছেন ওরাকল প্রধান ল্যারি এলিসন, যার সম্পদ ৩৫০ দশমিক ৭ বিলিয়ন ডলার। মাস খানেক আগেই শেয়ারের দাম হঠাৎ ৪০ শতাংশ বেড়ে তিনি মাস্ককে ছাড়িয়ে গিয়েছিলেন। তৃতীয় স্থানে রয়েছেন মেটার প্রধান নির্বাহী মার্ক জাকারবার্গ, যার সম্পদ এখন ২৪৫ দশমিক ৮ বিলিয়ন ডলার।